

৪৪। বোর্ডের ভুল, ইত্যাদি সংশোধনের ক্ষমতা।— (১) বোর্ড এই আইন বা বিধির কোন বিধান অনুযায়ী প্রদত্ত কোন আদেশের নথিপত্র হইতে আপাত কোন ভুল বা অশুদ্ধতা স্বতঃপ্রবৃত্ত হইয়া, বা উক্ত আদেশ প্রদানের একবৎসরের মধ্যে কোন ব্যক্তির আবেদনক্রমে, সংশোধন করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কোন জরিমানা বৃদ্ধি করিতে বা অধিকতর মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুদ্ধ প্রদানে বাধ্য করিতে পারে এইরূপ কোন সংশোধন, উক্ত সংশোধন দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন ব্যক্তিকে ব্যক্তিগতভাবে বা তাহার নিকট হইতে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কৌসুলী বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে শুনানির সুযোগ দান না করিয়া, করা যাইবে না^১।

আরও শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে ধারা ৪২ এর অধীনে আপীল করার সুযোগ থাকা সত্ত্বেও আবেদনকারী উক্ত সুযোগ গ্রহণ করেন নাই, সেই ক্ষেত্রে এই উপ-ধারার অধীনে তাহার আবেদন গ্রহণযোগ্য হইবে না।

(২) যে ক্ষেত্রে ধারা ৪৫ এর অধীন কোন আবেদন করা হইয়াছে সেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন কোন কার্যধারা শুরু করা যাইবে না এবং যে ক্ষেত্রে উক্তরূপ কোন আবেদন বিবেচনাধীন রহিয়াছে সেক্ষেত্রে উক্তরূপ শুরুকৃত কার্যধারা বাতিল হইয়া যাইবে।

^১। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ... (৯) বলে দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং শর্তাংশ সংযোজিত।